ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ

## আসন্ন ঈদুল আযহা ২০২৫ উপলক্ষ্যে স্বল্প সময়ের মধ্যে কোরবানীর বর্জ্য অপসারণের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ২১/০৪/২০২৫ খ্রি. |
| সময় | : | দুপুর ১২:০০ ঘটিকা। |
| স্থান | : | গুলশান সেন্টার পয়েন্ট (প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, লেভেল-০৬) সেমিনার কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য। |

১। সভার সভাপতি ও ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে সভায় উপস্থিত সকলকে আলোচ্য বিষয়ের উপর মনোযোগ আকর্ষণ করতে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয় বলেন কোরবানীর বর্জ্য অপসারণের জন্য নগরবাসীকে সচেতন করা একান্ত প্রয়োজন। নাগরিকদের সহযোগিতায় একযোগে কার্যক্রম পরিচালনা করলে অতিদ্রুত কোরবানীর বর্জ্য অপসারণ সম্ভব। কোরবানীর বর্জ্য অপসারণে বিভিন্ন অংশীজনের মধ্যে সমন্বয় সাধনের জন্য তিনি সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ঈদুল আযহা ২০২৫ উপলক্ষ্যে ডিএনসিসির কর্ম পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কর্তৃক উত্থাপিত কর্মপরিকল্পনা নিম্নরূপঃ

| কার্যক্রমসমূহ | |
|---|---|
| **৩০ দিন পূর্বের কার্যক্রম (০৭/০৫/২০২৫)** | |
| ১ | পশু জবেহ করার স্থান নির্ধারণ |
| **১৫ দিন পূর্বের কার্যক্রম (২১/০৫/২০২৫)** | |
| ২ | ৫৪ টি ওয়ার্ডের জন্য ১০০০ জন মাংস ব্যবসায়ী নির্বাচন করে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা |
| ৩ | অঞ্চল ভিত্তিক বর্জ্য পরিবহনের ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ |
| ৪ | অঞ্চল ভিত্তিক সম্মানিত গন্যমান্য ব্যক্তি, সহঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং বর্জ্য ব্যবস্থাপনা কজে সংশ্লিষ্টদের সাথে সমন্বয় সভা (ওয়ার্ড পর্যায়ে পরিচ্ছন্ন পরিদর্শকদের সহায়তায় পরিচালিত হবে) |
| ৫ | জনসচেতনতামূলক র‌্যালি, টেলিভিশন, রেডিও, পত্রিকা এবং গাড়ীর সাহায্যে জনসচেতনতা বাড়ানোর জন্য ব্যাপক কার্যক্রম |
| ৬ | মসজিদে ইমামগণের মাধ্যমে খুতবায় আলোচনার জন্য পত্র প্রেরণ |
| **০৫ দিন পূর্বের কার্যক্রম (০২/০৬/২০২৫)** | |
| ৭ | ওয়ার্ড ভিত্তিক বর্জ্য অপসারণ পরিকল্পনা চূড়ান্তকরণ |
| ৮ | পরিবহন চালক ইউনিয়ন ও স্যাভেঞ্জার্স এন্ড ওয়াকার্স ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে সভা |
| **০৩ দিন পূর্বের কার্যক্রম (০৪/০৬/২০২৫)** | |
| ৯ | তদারকির জন্য মনিটরিং টিম গঠন ও কন্ট্রোল রুম স্থাপন |
| ১০ | ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ সমাপ্তি |

| কার্যক্রমসমূহ | |
|---|---|
| **০১ দিন পূর্বের কার্যক্রম (০৬/০৬/২০২৫)** | |
| ১১ | প্রত্যেক অঞ্চলে অতিরিক্ত যানবাহন বরাদ্দকরণ |
| ১২ | ল্যান্ডফিল প্রস্তুত রাখা |
| **ঈদের দিনের কার্যক্রম (০৭/০৬/২০২৫)** | |
| ১৩ | বিকাল ২:০০ ঘটিকায় পশু বর্জ্য অপসারণের আনুষ্ঠানিক উদ্বোধন এবং প্রেস ও মিডিয়া কর্মীদের উপস্থিত রাখা |
| **কোরবানির পশু বর্জ্য অপসরণ সমাপ্তি (৯/০৬/২০২)** | |
| ১৪ | মাননীয় প্রশাসক কর্তৃক কোরবানি পশু বর্জ্য অপসারণের সমাপ্তি ঘোষণার প্রেস করনফারেন্স-ঈদের দুইদিন পর। |

৩। সভার এই পর্যায়ে প্রধান নির্বাহী কর্মকর্তা ইমামদের পাশাপাশি মাংস প্রক্রিয়াকারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য নির্দেশ প্রদান করেন। পশু জবাইয়ের স্থান এবং প্রশিক্ষণের জন্য মাংস প্রক্রিয়াকারীদের চিহ্নিতকরন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক কর্মকর্তাগণকে পরামর্শ দেন।সভাপতি মহোদয় পর্যাপ্ত পরিমান ব্লিচিং পাউডার, পলিব্যাগ সরবরাহের জন্য প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। চলমান ক্রয় প্রক্রিয়ার অংশ হিসেবে অতিরিক্ত ১৫% ব্লিচিং পাউডার ও পলিব্যাগ সরবরাহের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় উল্লেখ করেন যে, সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। এজন্য প্রয়োজনের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ হতে চাহিদাকৃত মালামাল যথাযথভাবে সরবরাহের জন্য সভাপতি মহোদয় ভান্ডার ও ক্রয় বিভাগকে নির্দেশনা প্রদান করেন। প্রত্যেক আঞ্চলিক কার্যালয়ে একটি করে কন্ট্রোল রুম স্থাপনের জন্য সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন। গাবতলী ব্রিজের নিচে যেন পশুর চামড়ার অবৈধ হাট না বসে সে ব্যাপারে তিনি নির্দেশনা দেন। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় উল্লেখ করেন যে, পশুর হাট ইজারাদারদের দায়িত্ব পশু হাটের বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণ। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত এলাকায় স্থাপিত পশুর হাটের বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের নির্দেশ প্রদান করেন।

৫। সভার আলোচনা- পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. ঈদ-উল-আযহা ২০২৫উপলক্ষ্যে ডিএনসিসির নিম্নরূপ কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| কার্যক্রমসমূহ | | দায়িত্বপ্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| **১৫ দিন পূর্বের কার্যক্রম (২১/০৫/২০২৫)** | | |
| ১ | ৫৪ টি ওয়ার্ডের জন্য ১০০০ জন মাংস প্রক্রিয়াকারীদের নির্বাচন করে প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা | স্বাস্থ্য বিভাগ |
| ২ | অঞ্চল ভিত্তিক বর্জ্য পরিবহনের ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৩ | অঞ্চল ভিত্তিক সম্মানিত গণ্যমান্য ব্যক্তি, সহঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং বর্জ্য ব্যবস্থাপনা কাজে সংশ্লিষ্টদের সাথে সমন্বয় সভা | উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ৪ | জনসচেতনতামূলক র‍্যালি, টেলিভিশন, রেডিও, পত্রিকা এবং গাড়ীর সাহায্যে জনসচেতনতা বাড়ানোর জন্য ব্যাপক কার্যক্রম | জনসংযোগ কর্মকর্তা |
| ৫ | মসজিদে ইমামগণের মাধ্যমে খুতবায় আলোচনার জন্য পত্র প্রেরণ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা |
| **০৫ দিন পূর্বের কার্যক্রম (০২/০৬/২০২৫)** | | |
| ৬ | ওয়ার্ড ভিত্তিক বর্জ্য অপসারণ পরিকল্পনা চূড়ান্তকরণ | সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |

| কার্যক্রমসমূহ | | দায়িত্বপ্রাপ্ত বিভাগ |
|---|---|---|
| ৭ | পরিবহন চালক ইউনিয়ন ও স্ক্যাভেঞ্জার্স এন্ড ওয়াকার্স ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে সভা | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০৩ দিন পূর্বের কার্যক্রম (০৪/০৬/২০২৫)** | | |
| ৮ | তদারকির জন্য মনিটরিং টিম গঠন ও কন্ট্রোল রুম স্থাপন | সচিব |
| ৯ | ব্যাগ, ব্লিচিং পাউডার এবং স্যাভলন বিতরণ সমাপ্তি | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| **০১ দিন পূর্বের কার্যক্রম (০৬/০৬/২০২৫)** | | |
| ১০ | প্রত্যেক অঞ্চলে অতিরিক্ত যানবাহন বরাদ্দকরণ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বর্জ্য ব্যবস্থাপনা) |
| ১১ | ল্যান্ডফিল প্রস্তুত রাখা | নির্বাহী প্রকৌশলী (ডিসপোজাল) |
| **ঈদের দিনের কার্যক্রম (৭/০৬/২০২৫)** | | |
| ১২ | বিকাল ২:০০ ঘটিকার পশু বর্জ্য অপসারণের আনুষ্ঠানিক উদ্বোধন এবং প্রেস ও মিডিয়া কর্মীদের উপস্থিত রাখা | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা |
| **কোরবানির পশু বর্জ্য অপসরণ সমাপ্তি (৯/০৬/২০২৫)** | | |
| ১৩ | মাননীয় প্রশাসক কর্তৃক কোরবানি পশু বর্জ্য অপসারণের সমাপ্তি ঘোষণার প্রেস করনফারেন্স-ঈদের দুইদিন পর। | জনসংযোগ কর্মকর্তা |

২. মাংস প্রক্রিয়াকারীদের চিহ্নিতকরনে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে। বাস্তবায়নকারী- স্বাস্থ্য বিভাগ ও সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ।

৩. ঈদের দিন গাবতলি এলাকায় যানজট নিরসনে সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনের সাথে সমন্বয় করতে হবে। বাস্তবায়নকারী-সচিব মহোদয়ের দপ্তর।

৪. পশুর অবৈধ হাট যেন না বসে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী-আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ।

৫. কোরবানীর বর্জ্য অপসারণের জন্য বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক চাহিত মালামাল দ্রুত সরবরাহ করতে হবে এবং চলমান ক্রয়প্রক্রিয়ার আলোকে অতিরিক্ত ১৫% ব্লিচিং পাউডার ও পলিব্যাগ ক্রয় করে সরবরাহ করতে হবে। বাস্তবায়নকারী-ভান্ডার ও ক্রয় বিভাগ;

৬. কোরবানির বর্জ্য দ্রুত অপসারণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রাক, পে-লোডার, ডাম্পার, পানির গাড়ীসহ অন্যান্য যানযন্ত্রপাতি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী- কেন্দ্রীয় পরিবহন পুল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) ও নির্বাহী প্রকৌশলী (সংগ্রহ ও পরিবহন)।

৭. ঈদের পূর্ববর্তী দিন হতে ঈদের পরবর্তী তিন দিন (মোট চার দিন) সার্বক্ষণিক ব্যবহারের জন্য সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাগণের অনুকুলে ১০টি জীপগাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী- কেন্দ্রীয় পরিবহন পুল।

৮. ঈদের দিন সার্বক্ষণিক ব্যবহারের জন্য গঠিত তদারকি টিমের অনুকুলে অঞ্চলভিত্তিক গাড়ি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নকারী- কেন্দ্রীয় পরিবহন পুল।

৯. ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত এলাকায় স্থাপিত পশুর হাটের বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষের সাথে সমন্বয়সাধন করতে হবে। বাস্তবায়নকারী-বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ।

১০. পবিত্র ঈদ-উল-আযহার কোরবানির বর্জ্য দ্রুততম সময়ে অপসারনের মাধ্যমে ডিএনসিসির আওতাভুক্ত এলাকাসমূহ পরিচ্ছন্ন করার কার্যক্রমকে আরও বেগবান করার লক্ষে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তাদের পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ। বাস্তবায়নকারী-বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ;

৬। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে কোরবানির বর্জ্য সুষ্ঠুভাবে অপসারণের জন্য সকলের একান্ত সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/০৪/২০২৫

আবু সাঈদ মোঃ কামরুজ্জামান এনডিসি,
(অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১০.০০০০.০৪৫.০৬.১৫৫.২৪—৫৬

তারিখঃ ২৪.০৪.২০২৫ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল),............................................................ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল(সকল),........................ ,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক), প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর/যান্ত্রিক), বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. নির্বাহী প্রকৌশলী, (ডিসপোজল/ সংগ্রহ ও পরিবহন),ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. উপ- প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (সকল),বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. অফিস কপি।

24/04/25

কমডোর এবিএম সামসুল আলম
(ই), পিএসসি, বিএন
প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।।